

ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
(টেলিফোন:+৮৮০-৭২১-৭৫০৭৯৮, E-mail : pro.ruet@gmail.com)

স্মারক নং: রুয়েট/জস/১৭২/২০২৫

তারিখ: ১৫ মার্চ ২০২৫ খ্রি:

বরাবর,


বিষয়: প্রকাশিতব্য “রুয়েট বুলেটিন” এর জন্য প্রয়োজনীয় তথ্য প্রদান প্রসঙ্গে।

জনাব,

আপনার সদয় অবগতির জন্য জানানো হচ্ছে যে, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় থেকে “রুয়েট বুলেটিন” নামক ত্রৈ-মাসিক একটি নিউজলেটার নিয়মিত প্রকাশ হতে যাচ্ছে। এই নিউজলেটারে রুয়েটে অনুষ্ঠিত সকল কর্মকাণ্ডের সচিত্র প্রতিবেদন, বিভিন্ন ক্ষেত্রে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীদের এবং সংশ্লিষ্ট বিভিন্ন সংগঠনের অর্জন, বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিতব্য আপ-কামিং বিভিন্ন ইভেন্টের তথ্য প্রভৃতি সংবাদ এই নিউজলেটারে প্রকাশ করা হবে।

বর্তমানে “রুয়েট বুলেটিন” এর অক্টোবর ২০২৪-ডিসেম্বর ২০২৪ সংখ্যা প্রকাশের প্রস্তুতিমূলক কাজ এগিয়ে চলেছে। বর্ণিত সময়ের মধ্যে এই বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদ/ বিভাগ/ ইন্সটিটিউট/ হল/ শাখা/ ক্লাবে অনুষ্ঠিত বিভিন্ন প্রাতিষ্ঠানিক/ একাডেমিক/ সামাজিক/ খেলাধুলা/ বিতর্ক প্রতিযোগিতা/ বিভিন্ন প্রতিযোগিতা/ উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ক কোন ইভেন্ট অনুষ্ঠিত হয়ে থাকলে এবং শিক্ষক ও শিক্ষার্থীদের কোন উল্লেখযোগ্য অর্জন (দেশে/ বিদেশে) এবং আপ-কামিং কোন ইভেন্ট থাকলে সেগুলোর তথ্য ও ছবি লিখিতভাবে আগামী ২৫ মার্চ বুধবারের মধ্যে বিশ্ববিদ্যালয়ের উপ-পরিচালক, জনসংযোগ দপ্তর-এ হার্ডকপি এবং pro.ruet@gmail.com ইমেইল ঠিকানায় সফটকপি প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ জানানো হচ্ছে।

ধন্যবাদান্তে


15.03.2025

(প্রফেসর ড. মোঃ আল আমিন আল আজাদউল ইসলাম)

সভাপতি


রুয়েট বুলেটিন প্রকাশনা কমিটি
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং: রুয়েট/জস/১৭২/২০২৫

তারিখ: ১৫ মার্চ ২০২৫ খ্রি

অনুলিপি প্রদান:

- ১। মাননীয় ভাইস-চ্যান্সেলর, রুয়েট কে সদয় অবগতির জন্য।
- ২। রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত), রুয়েট কে সদয় অবগতির জন্য।
- ৩। সকল ডীন/ বিভাগীয় প্রধান/পরিচালক/দপ্তর/হল প্রভোষ্ট/শাখা, রুয়েট। (স্ব স্ব বিভাগের শিক্ষক এবং শিক্ষার্থীদের অবহিতকরণের অনুরোধসহ)।
- ৪। পরিচালক (ছাত্র-কল্যাণ), রুয়েট (সংশ্লিষ্ট সংগঠনকে অবহিতকরণের অনুরোধসহ)।
- ৫। নথি।


(মোঃ গোলাম মুরতুজা)

সদস্য-সচিব

রুয়েট বুলেটিন প্রকাশনা কমিটি
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।